# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৫৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. প্রথম অনুচ্ছেদ - কুরবানী

## بَابٌ فِي الْأُضْحِيَّةِ

আরবী

وَعَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَ بِكَبْشٍ أَقْرَنَ يَطَأُ فِي سَوَادٍ وَيَبْرُكُ فِي سَوَادٍ وَيَنْظُرُ فِي سَوَادٍ فَأُتِيَ بِهِ لِيُضَحِّيَ بِهِ قَالَ: «يَا عَائِشَةُ هَلُمِّي الْمُدْيَةَ» ثُمَّ قَالَ: «اشْحَذِيهَا بِحَجَرٍ» فَفَعَلَتْ ثُمَّ أَخَذَهَا وَأَخَذَ الْكَبْشَ فَأَضْجَعَهُ ثُمَّ ذَبَحَهُ ثُمَّ قَالَ: «بِسْمِ اللَّهِ اللَّهُمَّ تَقَبَّلْ مِنْ مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ وَمِنْ أُمَّةِ مُحَمَّدٍ» . ثُمَّ ضحى بِهِ. رَوَاهُ مُسلم

বাংলা

১৪৫৪-[২] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন একটি শিংওয়ালা দুম্বা আনতে বললেন যা কালোতে হাঁটে। কালোতে শোয়। কালোতে দেখে অর্থাৎ যে দুম্বার পা কালো, পেট কালো ও চোখ কালো। কুরবানী করার জন্য ঠিক এমনি একটি দুম্বা আনা হলো। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ’আয়িশাকে বললেন, হে ’আয়িশাহ্! একটি ছুরি লও। এটিকে পাথরে ধাঁর করাও। ’আয়িশাহ্ (রাঃ) বললেন, আমি তাই করলাম। তারপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ছুরিটি হাতে নিয়ে দুম্বাটিকে ধরলেন। অতঃপর এটাকে পাঁজরের উপর শোয়ালেন এবং যাবাহ করতে করতে বললেন, ’’আল্লাহর নামে শুরু করছি, হে আল্লাহ! তুমি এ কুরবানীকে মুহাম্মাদ, মুহাম্মাদের পরিবার এবং মুহাম্মাদের উম্মাতের পক্ষ হতে গ্রহণ করো।’’ এরপর তিনি এ কুরবানী দ্বারা লোকদের সকালের খাবার খাইয়ে দিলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৯৬৭, আবূ দাউদ ২৭৯২, আহমাদ ২৪৪৯১, শারহু মা‘আনির আসার ৬২২৩, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৯০৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اشْحَذِيْهَا بِحَجَرٍ) ‘একে পাথর দ্বারা ধারালো করা’ এটা মুসলিম হাদীসের অনুকূলের শাদ্দাদ বিন আওস-এর হাদীস সেখানে বলা হয়েছে যাবাহ যেন অনুগ্রহের সাথে হয় এবং ছুরি ধারালো করা হয়। সুতরাং এটা প্রমাণ করে যে, যাবাহ যেন ভালভাবে হয় কষ্ট না দিয়ে যাতে ছুরিটা ধারালো থাকে। আর হাদীসটি প্রমাণ করেঃ একটি ছাগল একটি পরিবারের জন্য যথেষ্ট হবে।

আর খাত্ত্বাবী বলেন, (تَقَبَّلْ مِنْ مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ وَمِنْ أُمَّةِ مُحَمَّدٍ) মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরিবার-পরিজন ও উম্মাতগণের পক্ষ হতে গ্রহণ করুন। এটি দলীল হিসেবে প্রমাণ করে একটি ছাগল একজন ব্যক্তি ও তার পরিবার সকলের পক্ষ হতে বৈধ হবে। যদিও তাদের সংখ্যা অধিক হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56014

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন